# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭১০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

بَابُ الْمَسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلَاةِ

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا قَامَ أَحَدُكُمْ إِلَى الصَّلَاةِ فَلَا يَبْصُقْ أَمَامَهُ فَإِنَّمَا يُنَاجِي اللَّهَ مَا دَامَ فِي مُصَلَّاهُ وَلَا عَنْ يَمِينِهِ فَإِنَّ عَنْ يَمِينِهِ مَلَكًا وَلْيَبْصُقْ عَنْ يَسَارِهِ أَوْ تَحْتَ قَدَمِهِ فَيَدْفِنُهَا»

## বাংলা

৭১০-[২২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যখন সালাতে দাঁড়ায় তখন সে যেন তার সামনের দিকে থুথু না ফেলে। কারণ যতক্ষণ সে তার জায়নামাযে থাকে ততক্ষণ আল্লাহর সাথে একান্ত আলাপে রত থাকে। সে তার ডান দিকেও ফেলবে না, কারণ সেদিকে মালাক (ফেরেশতা) আছে। (নিবারণ করতে না পারলে) সে যেন থুথু ফেলে তার বাম দিকে অথবা তার পায়ের নীচে, তারপর মাটি দিয়ে ঢেকে দেয়।[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪১৬, মুসলিম ৫৪৮, আহমাদ ৮২৩৪, সহীহ ইবনু হিব্বান ১৭৮৩, সহীহাহ্ ৩৯৭৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ডানদিকে থুথু ফেলবে না, কেননা ডানদিকে মালাক এসেছে। এখানে একটি প্রশ্ন উত্থাপিত হয় যে, ডান দিকে মালাক থাকার কারণে থুথু ফেলা নিষেধ কিন্তু বাম দিকেও মালাক থাকে, এতদসত্ত্বেও ‘‘বাম দিকে থুথু ফেলে’’ বলার তাৎপর্য কী। উক্ত প্রশ্নের উত্তর নিম্নরূপ হতে পারে-

০১. নিশ্চয় ডান দিকের মালায়িকাহ্ সালাত আদায়কারীর ভালো ‘আমলসমূহ লিখেন আর সালাত হচ্ছে শারীরিক ‘ইবাদাতসমূহের মধ্যে সর্বশ্রেষ্ঠ, এটি খারাব ও গর্হিত কাজ হতে বিরত রাখে। সুতরাং সালাতের মধ্যে বাম দিকে

অন্যায় কাজের হিসাবরক্ষকের কোন ভূমিকা নেই।

০২. প্রত্যেকের সাথে শায়ত্বন (শয়তান) রয়েছে। তার অবস্থান বামদিকে, যেমন আবূ ‘উমামার হাদীস ত্ববারানীতে। তার সামনে আল্লাহ ডানদিকে মালাক এবং বামদিকে শায়ত্বন (শয়তান)। থুথু ফেললে শায়ত্বনের (শয়তানের) উপর পড়বে।

০৩. অথবা উত্তর এই যে, বাম দিকের মালায়িকাহ্ চলে যায়।

০৪. অথবা সালাত (সালাত/নামায/নামাজ) অবস্থায় মালাক এমনভাবে অবস্থান করে যাতে থুথু ইত্যাদি তার নিকট পৌঁছে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55267

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন